Vol. 143 Issue 176

Chattagram Maa-O-Shishu Hospital

# Bulletin

For Internal Circulation Only

July-September 2015

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উন্নয়নের জন্য সবকিছু করা হবে - হাসপাতালের সম্প্রসারিত বহির্বিভাগের উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্য মন্ত্রী জনাব মোহাম্মদ নাসিম

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সম্প্রসারিত বহির্বিভাগ গত ১৭/০৮/২০১৫ইং তারিখ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জনাব মোহাম্মদ নাসিম, এম.পি, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে হাসপাতালের সম্প্রসারিত গাইনী অবস. বহির্বিভাগ এর উদ্বোধন করেন। এই উপলক্ষে হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন এর সভাপতিত্বে হাসপাতালের লেকচার গ্যালারীতে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি স্বাস্থ্য মন্ত্রী জনাব মোহাম্মদ নাসিম বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত একটি হাসপাতাল। চট্টগ্রামে স্বাস্থ্য সেবায় সরকারের পাশাপাশি এই হাসপাতাল গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বর্তমানে হাসপাতালের অনেক উন্নয়নমূলক কার্যক্রম চলমান আছে। বিশেষ করে ৮৫০ শয্যা বিশিষ্ট নতুন একটি হাসপাতাল ভবন নির্মাণ কাজ চলছে। তিনি নতুন এই হাসপাতাল ভবন নির্মাণ প্রকল্প বাস্তবায়নের জন্য সরকারের পক্ষ থেকে সর্বাত্বক সহযোগীতার আশ্বাস প্রদান করেন। এছাড়া হাসপাতাল কর্তৃপক্ষের দাবীর প্রেক্ষিতে হাসপাতালের জন্য সরকারী গ্রান্ট ইন এইড বৃদ্ধি, একটি এমআরআই মেশিন, একটি মেডিকেল এ্যাম্বুলেন্স, ১০০০ এমএ একটি




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সম্প্রসারিত বহির্বিভাগ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জনাব মোহাম্মদ নাসিম।*

ডিজিটাল এক্সরে মেশিন সহ অন্যান্য মেডিকেল যন্ত্রপাতি সরকারীভাবে মন্ত্রণালয়ের পক্ষ থেকে প্রদানের আশ্বাস প্রদান করেন। তিনি এই ব্যাপারে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করার জন্য হাসপাতাল কর্তৃপক্ষকে অনুরোধ করেন। তিনি স্বাস্থ্য খাতে বর্তমান সরকারের গৃহীত পদক্ষেপ সমূহ তুলে ধরেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি মাননীয় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন, এম.পি বলেন- চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল এই অঞ্চলের মানুষের অত্যন্ত প্রিয় প্রতিষ্ঠান। বর্তমানে এই হাসপাতালে অনেক বিশেষায়িত চিকিৎসা সেবা চালু করা হয়েছে। বিশেষ করে শিশু স্বাস্থ্য সেবায় এই হাসপাতালের সুনাম অনেক বেশি। অসহায় ও গরীব রোগীদের চিকিৎসা সেবায় মা ও শিশু হাসপাতাল গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। তিনি স্বাস্থ্য মন্ত্রী মহোদয়কে এই হাসপাতালের উন্নয়নের জন্য বিশেষভাবে নজর দেয়ার অনুরোধ করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র আলহাজ্ব আ.জ.ম নাছির উদ্দীন, মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব এম এ লতিফ, মাননীয় সংসদ সদস্য মিসেস ওয়াসিকা আয়েশা খান, এবং বিএমএ কেন্দ্রীয় পরিষদ এর মহাসচিব প্রফেসর ডাঃ এম ইকবাল আর্সলান। অনুষ্ঠানে হাসপাতালের পক্ষ থেকে লিখিত বক্তব্য উপস্থাপন করেন - কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগ এর সভাপতি আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী, কেন্দ্রীয় আওয়ামীলীগ নেতা ডাঃ বদিউজ্জমান ভুঁইয়া ডাবলু, বিএমএ সাবেক মহাসচিব প্রফেসর ডাঃ মোঃ শরফুদ্দিন, বিএমএ চট্টগ্রামের সভাপতি ডাঃ মুজিবুল হক খান, স্বাচিপ চট্টগ্রাম এর সভাপতি ডাঃ শেখ শফিউল আজম, বিএমএ সেক্রেটারী ডাঃ মোঃ শরীফ, হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, ট্রেজারার ডাঃ মোঃ আরিফুল আমীন, কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার মোঃ জাবেদ আবছার চৌধুরী, ডাঃ কামরুন নাহার দস্তগীর, ইঞ্জিনিয়ার এম আলী আশরাফ, মিসেস রেখা আলম চৌধূরী, জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, অধ্যক্ষ লায়ন ডঃ মোহাম্মদ সানাউলাহ, জনাব এস এম কুতুব উদ্দিন, ডাঃ মোঃ ফয়সাল ইকবাল চৌধুরী, ডাঃ মোহাম্মদ পারভেজ ইকবাল শরীফ, আলহাজ্ব মোঃ হারুন ইউছুফ, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নুরুল হক ও ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক প্রফেসর ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু প্রমূখ। এর আগে মাননীয় প্রধান অতিথি হাসপাতালের সম্প্রসারিত গাইনী বহির্বিভাগ এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন এবং নতুন হাসপাতাল ভবন নির্মানের কাজ এবং হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড সমূহ পরিদর্শন করেন। অনুষ্ঠানে সিটি কর্পোরেশনের নবনির্বাচিত কাউন্সিলরবৃন্দ, হাসপাতালের আজীবন সদস্য/সদস্যাবৃন্দ,হাসপাতাল ও মেডিকেল কলেজের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, নার্স, কর্মকর্তা/কর্মচারী ও ছাত্র/ছাত্রীগণ অংশ গ্রহণ করেন।

# President's Corner

When I hear CMOSH Medical College Teachers' forum is organising a national/ international Scientific Seminar during the period of 17th & 18th December 2015, my pride goes high and my pleasure becomes immeasurable. We have a history of a very small beginning as Shishu hospital in 1979, progressing gradually to Maa-O-Shishu Hospital and then to Maa-Shishu O General Hospital which has now 600+ bedded in-patient and nearly 1000 patients daily attending out-patient services round the clock.

We started CMOSH Medical College in 2005. Four batches have already passed out and are serving the nation as good doctors with high ethical standard. Congratulation teachers and congratulation CMOSH MC alumni.

Our facilities are full and up-to-date as per BM&DC and WHO recommendations. The faculties have high performance record.

The hospital is patient-friendly. Services are comparable to any standard hospital in the country and second to no one. By holding the proposed seminar, CMOSH Medical College & hospital will get a national and international exposure which will improve the status and image of the organisation to the people and to the Government of the peoples' Republic of Bangladesh.

We have trained manpower at all levels. The management is guided and supervised by a 22 member-strong Executive Committee. They are elected volunteers. We are transparent and accountable. We are dedicated. The core of any management is the strength of its team and caliber of individuals that truly reflect the organisation's vision to make it possible for customers (patients) day in and day out.

In the future, it is our intent to reach out many more people through various means including expansion of services in superspecialty areas.

**"The best time to sow the seed of humanitarian services was 30 years ago. The second best time is now" - Chinese Proverb.**

It is time that we re-dedicate ourselves. Our success will be every body's success.

With warm wishes

**A.S.M Fazlul Karim**
President, Executive Committee
Chattagram Maa-O-Shishu Hospital
Agrabad, Chittagong.

**Please visit our website :**
**www.cmoshbd.org**

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উন্নয়নের জন্য সর্বাত্বক সহযোগীতা করা হবে - হাসপাতালের নবনির্মিত শিশু ডায়রিয়া ওয়ার্ডের উদ্বোধনী অনুষ্ঠানে সিটি মেয়র আলহাজ্ব আ.জ.ম নাছির উদ্দীন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের নবনির্মিত শিশু ডায়রিয়া ওয়ার্ড গত ২৪/০৮/২০১৫ইং তারিখ আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করা হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র আলহাজ্ব আ.জ.ম নাছির উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে হাসপাতালের নবনির্মিত শিশু ডায়রিয়া ওয়ার্ড এর উদ্বোধন করেন। এই উপলক্ষে হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন এর সভাপতিত্বে হাসপাতালের লেকচার গ্যালারীতে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি মাননীয় মেয়র আলহাজ্ব আ.জ.ম নাছির উদ্দীন বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত একটি হাসপাতাল। চট্টগ্রামের মানুষের চিকিৎসা সেবায় এ হাসপাতাল বিশাল অবদান রেখে চলেছে। বর্তমানে এটি ৬৫০ শয্যা বিশিষ্ট একটি বিশাল হাসপাতাল। ইতিমধ্যে ৮৫০ শয্যা বিশিষ্ট নতুন হাসপাতাল ভবনের নির্মাণ কাজ শুরু করা হয়েছে। এটি হাসপাতাল কর্তৃপক্ষের একটি সাহসী পদক্ষেপ। তিনি এজন্য হাসপাতাল কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান। নতুন এ হাসপাতাল ভবন নির্মাণ হলে চট্টগ্রামের মানুষের চিকিৎসা সেবায় এ হাসপাতাল আরো গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারবে। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উন্নয়নে তার নিজের অবস্থান থেকে সর্বাত্বক সহযোগীতার আশ্বাস প্রদান করেন। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের নির্মাণাধীন নতুন হাসপাতাল ভবনের জন্য অর্থায়নের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে কথা বলবেন বলে জানান এবং সরকারের পক্ষ থেকে এ প্রকল্পে অর্থায়নের জন্য সর্বাত্বক সহযোগীতার আশ্বাস প্রদান করেন। এছাড়া তিনি এ ব্যাপারে চট্টগ্রামের কর্পোরেট প্রতিষ্ঠান ও ব্যবসায়ীদের সাথেও নতুন হাসপাতাল ভবনের নির্মাণ কাজে অর্থায়ন/সহযোগীতার জন্য ১টি প্রোগ্রামের আয়োজন করবেন মর্মে অবহিত করেন। মাননীয় মেয়র হাসপাতাল সংলগ্ন রাস্তাটি দ্রুত সংস্কার করারও আশ্বাস প্রদান করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম ক্লাব লিঃ এর সাবেক ভাইস চেয়ারম্যান ও বিজিএমইএ এর সাবেক ১ম সহ-সভাপতি বিশিষ্ট শিল্পপতি ও সমাজসেবক জনাব মাঈনুদ্দীন আহমেদ মিন্টু। তিনি হাসপাতালের সার্বিক কার্যক্রম ও চিকিৎসা সেবায় খুবই প্রশংসা করেন। তিনি হাসপাতালের উন্নয়নের জন্য সর্বাত্বক সহযোগীতার আশ্বাস প্রদান করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন - হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ, ২৭ নং ওয়ার্ড এর কাউন্সিলর এইচ এম সোহেল, আরাসকার ও চট্টগ্রাম চেম্বারের পরিচালক জনাব সিরাজুল ইসলাম, হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, ট্রেজারার ডাঃ মোঃ আরিফুল আমীন , কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার মোঃ জাবেদ আবছার চৌধুরী, মিসেস রেখা আলম চৌধুরী, জনাব এস এম কুতুব উদ্দিন, ডাঃ মোঃ ফয়সাল ইকবাল চৌধুরী, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া প্রমূখ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নুরুল হক ও ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক প্রফেসর ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু, ৩৬ নং ওয়ার্ড এর কাউন্সিলর এস এম হাবিবুল হক, কাউন্সিলর আবদুল কাদের, আফরোজা কামাল প্রমূখ। এর আগে মাননীয় প্রধান অতিথি হাসপাতালের নবনির্মিত শিশু ডায়রিয়া ওয়ার্ড এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন এবং নতুন হাসপাতাল ভবন নির্মানের কাজ এবং হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড সমূহ পরিদর্শন করেন। অনুষ্ঠানে হাসপাতালের আজীবন সদস্য/সদস্যাবৃন্দ,হাসপাতাল ও মেডিকেল কলেজের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, নার্স, কর্মকর্তা/কর্মচারী ও ছাত্র/ছাত্রীগণ অংশ গ্রহণ করেন।




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের নবনির্মিত শিশু ডায়রিয়া ওয়ার্ড এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন সিটি মেয়র আলহাজ্ব আ.জ.ম নাছির উদ্দীন।*

**চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালে ১২৮ স্লাইস বিশিষ্ট অত্যাধুনিক নতুন সিটি স্ক্যান মেশিন চালু করা হয়েছে। স্বল্পমূল্যে উক্ত সেবা নেওয়ার জন্য সকলকে অনুরোধ করা যাচ্ছে।**

## চট্টগ্রাম মা  শিশু ও জেনারেল হাসপাতালের নিওনেটাল বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ডাঃ ওয়াজির আহমেদ-এর FRCP ডিগ্রী অর্জন উপলক্ষে সংবর্ধনা

চট্টগ্রাম মা শিশু ও জেনারেল হাসপাতালের নবজাতক বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান প্রফেসর ডাঃ ওয়াজির আহমেদ এর সম্প্রতি Royal College Of Physicians and Surgeons (Glasgow, UK) কর্তৃক প্রদত্ত fellowship - FRCP ডিগ্রী অর্জন উপলক্ষে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে এক সংবর্ধনা সভা গত ২৯/০৮/২০১৫ইং তারিখ দুপুর ১২.০০ঘটিকার সময় হাসপাতালের ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর সেমিনার রুমে অনুষ্ঠিত হয়। হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর ডাঃ এম এ তাহের খান এর সভাপতিত্বে উক্ত সংবর্ধনা সভায় বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট এস এম মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার এম আলী আশরাফ, মিসেস রেখা আলম চৌধুরী, ডাঃ মোঃ শাহাদাৎ হোসেন, এস এম কুতুব উদ্দীন, আলহাজ্ব জাহিদুল হাসান, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নুরুল হক ও ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক প্রফেসর ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু, শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ডাঃ ফরিদুল আলম, প্রফেসর ডাঃ মোঃ বদরুদ্দোজা, সার্জারী বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান প্রফেসর ডাঃ খন্দকার মোঃ বোরহান উদ্দীন, ইএনটি বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ আব্দুল কাইয়ুম, চক্ষু বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ মোজাম্মেল হক শরীফি, ফার্মাকোলজী বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ রোজিনা হক, বায়োকেমিষ্ট্রি বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ মোঃ আবুল কালাম প্রমূখ। সভায় বক্তারা প্রফেসর ডাঃ ওয়াজির আহমেদ কে সম্মান জনক FRCP ডিগ্রী অর্জন করায় অভিনন্দন জানান। তার এই সম্মান জনক ডিগ্রী অর্জনের মাধ্যমে হাসপাতালের সুনাম অনেক বৃদ্ধি পেয়েছে। সভাতে তার উত্তরোত্তর সাফল্য কামনা করা হয়। সভাতে প্রফেসর ডাঃ ওয়াজির আহমেদ তার অনুভূতি ব্যক্ত করেন। তিনি হাসপাতাল কর্তৃপক্ষকে তাকে এই ধরণের সম্মান জানানোর জন্য আন্তরিক ধন্যবাদ জানান। এই উপলক্ষে প্রফেসর ডাঃ ওয়াজির আহমেদ কে সম্মান সূচক ক্রেষ্ট প্রদান করা হয়। অনুষ্ঠানে হাসপাতাল ও মেডিকেল কলেজের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, নার্স ও কর্মকর্তাগণ অংশ গ্রহণ করেন।



*প্রফেসর ওয়াজির আহমেদ-এর এফআরসি ডিগ্রী অর্জন উপলক্ষে তাকে ক্রেস্ট সম্মান জানাচ্ছেন কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে লায়ন্স ক্লাব অব চিটাগাং প্রেসিডেন্সী এর  উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচী পালন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে লায়ন্স ক্লাব অব চিটাগং প্রেসিডেন্সী এর উদ্যোগে এক বৃক্ষরোপন কর্মসূচী গত ১৬/০৮/২০১৫ইং তারিখ হাসপাতাল ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লায়ন্স জেলা গভর্নর লায়ন মোস্তাক হোসাইন। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট লায়ন সৈয়দ মোরশেদ হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন কেবিনেট সেক্রেটারী লায়ন জাফর উল্ল্যাহ, সদ্য প্রাক্তন সেক্রেটারী লায়ন জাহাঙ্গীর মিয়া, লায়ন মোঃ হারুন ইউছুফ, লায়ন খোরশেদ আলম, লায়ন বেলায়েত হোসেন, লায়ন মহসিন আলী, লায়ন আশরাফ উদ্দিন আরজু, ক্লাব সেক্রেটারী লায়ন অধ্যক্ষ ডঃ মোহাম্মদ সানাউল্লাহ, ট্রেজারার ডাঃ রেজাউল করিম, হাসপাতালের কার্যনির্বাহীর কমিটির সদস্য ইঞ্জিনিয়ার লায়ন মোঃ জাবেদ আবছার চৌধুরী, জনাব এস এম কুতুব উদ্দিন, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, উপ-পরিচালক (নার্সিং) ডাঃ মোঃ লিয়াকত আলী ভুঁইয়া, উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ মোশাররফ হোসাইন প্রমূখ। প্রধান অতিথি লায়ন্স জেলা গভর্নর লায়ন মোস্তাক হোসাইন পরিবেশ রক্ষায় বৃক্ষরোপনের প্রয়োজনীয়তা তুলে ধরেন। পরে তিনি হাসপাতালের চারিদিকে বৃক্ষরোপনের মাধ্যমে কর্মসূচীর উদ্বোধন করেন।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে লায়ন্স ক্লাব অব চিটাগাং প্রেসিডেন্সীর উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচি উদ্বোধন করছেন লায়ন জেলা গভর্নর লায়ন মোস্তাক হোসাইন এমজেএফ।*

## গ্রীনল্যান্ড ফার্মাসিউটিক্যালস লিঃ এর পক্ষ থেকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে এলইডি টেলিভিশন প্রদান



*গ্রীনল্যান্ড ফার্মাসিউটিক্যালস লিঃ কোম্পানির পক্ষ থেকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কর্তৃপক্ষের নিকট আনুষ্ঠানিক ভাবে এলইডি টিভি হস্তান্তর করছেন।*

গ্রীনল্যান্ড ফার্মাসিউটিক্যালস লিঃ এর পক্ষ থেকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের জন্য একটি এলইডি টেলিভিশন প্রদান করা হয়। গত ২০/০৮/২০১৫ইং তারিখ গ্রীনল্যান্ড ফার্মাসিউক্যিালস লিঃ এর এরিয়া ম্যানেজার জনাব জহিরুল ইসলাম টেলিভিশনটি হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক এর নিকট আনুষ্ঠানিক ভাবে হস্তান্তর করেন। এ সময় গ্রীনল্যান্ড ফার্মাসিউটিউক্যালস এর ইনচার্জ, পিএমডি জনাব মতিউর রহমান, হাসপাতালের উপ-পরিচালক (ফিন্যান্স) জনাব মোঃ ইফতেখারুল আমীন, উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ মোশাররফ হোসাইন, উপ-পরিচালক (ফিন্যান্স) জনাব মোঃ মঞ্জুরুল আলম চৌধুরী, ও ষ্টোর কিপার মোঃ শফি উল্লাহ উপস্থিত ছিলেন। হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক গ্রীনল্যান্ড ফার্মাসিউটিক্যালস লিঃ কোম্পানীকে হাসপাতালের জন্য টেলিভিশন প্রদান করায় আন্তরিক ধন্যবাদ জানান।

## লায়ন মোহম্মদ হেলাল উদ্দিন কর্তৃক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে ২ টি ফটোথেরাপী মেশিন প্রদান

লায়ন ক্লাব চিটাগং ফটিকছড়ির সহযোগীতায় লায়ন মোহাম্মদ হেলাল উদ্দিন কর্তৃক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের জন্য ২টি ফটোথেরাপী মেশিন প্রদান করা হয়। এ উপলক্ষে গত ২২/০৮/২০১৫ইং তারিখ হোটেল ল্যান্ডমার্ক, আগ্রাবাদ, চট্টগ্রামে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লায়ন আলহাজ্ব ডঃ মাহমুদ হাসান, এমজেএফ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট লায়ন এস এম মোরশেদ হোসেন, ফটিকছড়ির পৌর মেয়র মোঃ ইসলাম, মুক্তিযোদ্ধা আহমদ ছাফা, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ডোনার মেম্বার লায়ন ইঞ্জিনিয়ার মোঃ জাবেদ আবছার চৌধুরী ও বিশিষ্ট ব্যাংকার লায়ন মোঃ হারুনুর রশীদ। লায়ন এ. কে জাহেদ চৌধুরীর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে উদ্বোধক ছিলেন শিল্পপতি লায়ন আলহাজ্ব এম মনজুর মোর্শেদ ফিরোজ। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন লায়ন জানে আলম, লায়ন এম এ হোসেন বাদল। সভায় প্রধান অতিথি লায়ন আলহাজ্ব ড. মাহমুদ হাসান চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের জন্য ভাল কিছু করার প্রতিশ্রুতি প্রদান করেন। কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট এস এম মোরশেদ হোসেন লায়ন মোহাম্মদ হেলাল উদ্দিন কে তার এ মহতী উদ্যোগের জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি আশা করেন মা ও শিশু হাসপাতালের উন্নয়নে লায়ন্স ক্লাব অব চিটাগং ফটিকছড়ি সব সময় হাসপাতালের পাশে থাকবে।




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহীর কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট জনাব এসএম মোরশেদ হোসেন-এর কাছে ফটোথেরাপী মেশিন হস্তান্তর করছেন লায়ন মোহাম্মদ হেলাল উদ্দিন।*

### চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে বিশেষায়িত চিকিৎসা সেবা সমূহ

১. হেমোডায়ালাইসিস ইউনিট (কিডনী রোগীদের ডায়ালাইসিস সেবা)
২. এডাল্ট আইসিইউ ও সিসিইউ সার্ভিস
৩. পেডিয়েট্রিকস আইসিইউ ও নিউনেটাল আইসিইউ সার্ভিস,
৪. ল্যাপারোস্কোপিক সার্জারী
৫. ইউরোলজি সার্জারী
৬. পেডিয়েট্রিকস ল্যাপারোস্কোপিক
৭. প্লাষ্টিক সার্জারী সহ শিশু সার্জারী বিভাগের সকল জটিল অপারেশন
৮. শারীরিক ও মানসিক প্রতিবন্ধি শিশুদের চিকিৎসা সেবার জন্য শিশু বিকাশ কেন্দ্র
৯. অনকোলজী ও রেডিওথেরাপী (ক্যান্সার চিকিৎসা)
১০. নিউরোলজী চিকিৎসা সেবা
১১. এ্যাজমা সেন্টার
১২. ডায়াবেটিক ও হাইপারটেনশন ক্লিনিক
১৩. সাব-স্পেশালিটি ক্লিনিক ইত্যাদি।
১৪. পেরিটোনিয়াল ডায়ালাইসিস সার্ভিস
১৫. ক্লাব ফুট সার্ভিস
১৬. থ্যালাসেমিয়া ইউনিট

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে জাতীয় শোক দিবস উপলক্ষে বিভিন্ন কর্মসূচী পালন

১৫ই আগষ্ট জাতীয় শোক দিবস উপলে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে বিভিন্ন কর্মসূচী পালন করা হয়। এ উপলক্ষে সকাল বেলা হাসপাতাল মসজিদে খতমে কোরআন, দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয় এবং দুপুরে হাসপাতালে ভর্তিকৃত অসহায় ও গরীব রোগীদের উন্নত খাবার সরবরাহ ও কাঙ্গালী ভোজের আয়োজন করা হয়। কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট জনাব এস.এম. মোরশেদ হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৩৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব এস.এম হাবিবুল হক, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ, ট্রেজারার ডাঃ মোঃ আরিফুল আমীন, কার্যনির্বাহী কমিটির সদস্য অধ্যক্ষ লায়ন ডঃ মোহাম্মদ সানাউল্লাহ, মিসেস রেখা আলম চৌধুরী, ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ, জনাব এস.এম. কুতুবউদ্দিন, জনাব খায়েজ আহম্মদ ভূঁইয়া, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, মেডিকেল কলেজের ভাইস প্রিন্সপাল প্রফেসর অসীম কুমার বড়ুয়া, উপ-পরিচালক (ফিন্যান্স) জনাব মোঃ ইফতেখারুল আমীন, উপ-পরিচালক নার্সিং ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া, উপ-পরিচালক প্রশাসন মোঃ মোশাররফ হোসাইন, সহকারী পরিচালক প্রশাসন ডাঃ এ.কে.এম আশরাফুল করিম ও কম্পিউটার সুপারভাইজার মোঃ জসিম উদ্দিন। অনুষ্ঠানে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ই আগষ্টে নিহতদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।




*১৫ আগস্ট ২০১৫ জাতীয় শোক দিবস উপলক্ষে হাসপাতালের গরীব রোগীদের মাঝে খাবার বিতরণ করছেন কার্যনির্বাহী কমিটির ভাইসপ্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর জনাব এস এম হাবিবুল হক ও কার্যনির্বাহী কমিটির কর্মকর্তাবৃন্দ।*

## মরহুম ইঞ্জিনিয়ার এল.কে সিদ্দিকীর ১ম মৃত্যু বার্ষিকী উপলক্ষে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে কুরআন-খানী, দোয়া মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির সাবেক প্রেসিডেন্ট মরহুম ইঞ্জিনিয়ার এল কে সিদ্দিকী এর ১ম মৃত্যু বার্ষিকী উপলক্ষে গত ০১/০৮/২০১৫ ইং তারিখ হাসপাতালের কনফারেন্স রুমে এক আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান এর সভাপতিত্বে উক্ত আলোচনা সভায় মরহুমের কর্মময় জীবনের উপর আলোচনা করেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান ও ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ। সভায় আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ট্রেজারার ডাঃ মোঃ আরিফুল আমীন, কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার মোঃ জাবেদ আবছার চৌধুরী, ডাঃ কামরুন নাহার দস্তগীর, মিসেস রেখা আলম চৌধুরী, জনাব এস এম কুতুব উদ্দিন, আলহাজ্ব মোঃ হারুন ইউছুফ, আলহাজ্ব জাহিদুল হাসান, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ ও পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমূখ। সভায় মরহুমের বর্ণাঢ্য কর্মময় জীবনের উপর আলোচনা করা হয় এবং মরহুম এর আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। দোয়া ও মোনাজাত পরিচালনা করেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান। এই উপলক্ষে সকালে হাসপাতাল মসজিদে খতমে কুরআন ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়।



*মরহুম ইঞ্জিনিয়ার এলকে সিদ্দিকীর প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া ও মোনাজাত পরিচালনা করছেন কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান।*

### ইভিনিং আউটডোর সার্ভিস

চট্টগ্রাম মা ও শিশু জেনারেল হাসপাতালে ইভিনিং আউটডোর সার্ভিস চালু আছে (রাত ৮টা পর্যন্ত)। বিকাল বেলা বহিঃ বিভাগে মেডিসিন, জেনারেল সার্জারী, শিশু স্বাস্থ্য, অবস্ এন্ড গাইনী, চক্ষু, নাক-কান-গলা, ডেন্টাল, ফিজিক্যাল মেডিসিন বিভাগ খোলা থাকে।

# CHATTAGRAM MAA-SHISHU O GENERAL HOSPITAL

Agrabad, Chittagong.

Hospital Activities for the Month **July-September 14**

| Out Patient Dept. : | Jul '15 | Aug'15 | Sep '15 |
|---|---|---|---|
| Paediatric Medicine | 4249 | 4745 | 4746 |
| Adult Patient (Medicine) | 1814 | 1784 | 2057 |
| Consultancy Service (Paediatric) | 638 | 765 | 671 |
| Consultancy Service (Adult) | 381 | 580 | 550 |
| Obs. & Gynae | 1609 | 1833 | 1783 |
| Surgical (Paediatric) | 470 | 683 | 659 |
| Surgical (General) | 553 | 645 | 673 |
| Mini O.T. | 1231 | 1485 | 1404 |
| ENT | 656 | 973 | 919 |
| Orthopaedics | 839 | 1146 | 1000 |
| Skin Diseases | 528 | 811 | 875 |
| Eye | 315 | 651 | 564 |
| Dental Cases | 357 | 458 | 430 |
| ORT | 50 | 62 | 60 |
| Psychology | 79 | 124 | 115 |
| Neurology | 155 | 313 | 226 |
| Asthma Clinic | 16 | 37 | 11 |
| Family Planning | 120 | 310 | 120 |
| Psychiatry | 87 | 169 | 136 |
| Dots Corner | 195 | 560 | 560 |
| Spech Therapy | 135 | 283 | 243 |
| Physiotherapy | 235 | 792 | 791 |
| L.M.C | 77 | 77 | 62 |
| Referred Cases | 209 | 121 | 296 |
| E.P.I | 1000 | 1090 | 1110 |
| Gastroenterology Unit | 35 | 73 | 83 |
| EEG | 175 | 250 | 180 |
| RNDA | 100 | 232 | 175 |
| GDA | 15 | 127 | 10 |
| Low Vision | 44 | 121 | 80 |
| MTW | 13 | 01 | 63 |
| Sitting Fitting | 06 | 27 | 16 |
| **In-Patient Department :** | | | |
| Paediatric (Admission) | 3226 | 3729 | 3805 |
| Maternity (Admission) | 549 | 655 | 629 |
| Neonatal (Admission) | 234 | 235 | 222 |
| Adult Medicine (Admission) | 561 | 645 | 693 |
| Adult CCU (Admission) | 18 | 25 | 20 |
| Paediatric Sugery (Admission) | 144 | 156 | 126 |
| Paediatric Sugery (Operation) | 75 | 94 | 86 |
| Operation Obs. & Gynae | 296 | 269 | 306 |
| General Sugery (Admission) | 154 | 180 | 143 |
| General Sugery (Operation) | 17 | 33 | 28 |
| Orthopadic Sugery (Admission) | 72 | 109 | 77 |
| Orthopadic Sugery (Operation) | 23 | 38 | 43 |
| E.N.T (Admission) | 09 | 26 | 23 |
| E.N.T(Operation) | 07 | 25 | 10 |
| Eye (Admission) | 02 | 03 | 04 |
| Eye (Operation) | 07 | 09 | 10 |
| Thalassamia (Admission) | 22 | 24 | 22 |
| Cabin (Admission) | 399 | 554 | 455 |
| Pathology | 5635 | 6796 | 6779 |
| Radiology | 2030 | 2558 | 2268 |
| Ultrasanography | 844 | 1073 | 949 |
| E.C.G | 140 | 510 | 250 |
| Kidney Dialysis | 248 | 274 | 264 |
| Echocardiogram | 175 | 168 | 139 |
| Paediatric CCU (Admission) | 33 | 19 | 21 |
| Adult ICU (Admission) | 20 | 26 | 13 |
| Adult HDU (Admission) | 07 | 11 | 10 |
| Paediatric HDU (Admission) | 47 | 38 | 29 |
| Urology (Admission) | 14 | 29 | 24 |
| Urology Operation) | 07 | 10 | 13 |
| Emergency | 5031 | 4550 | 3610 |
| Total Deth | 50 | 61 | 60 |

## *DONORS OF -July,August & September 2015*

| | July | August | September |
|---|---|---|---|
| **Materials:-** | | | |
| Al.Haj Sheikh Mohanned Jahangir (Old Shart.Pant) | 1,200 | - | - |
| General Pharmacuticals Ltd (LED Tv) | - | 21,800 | - |
| Lion Mohammed Halal Uddin(Photography Machin) | - | 138,000 | - |
| Rotary Club Of Chittagong | - | - | 6,000 |
| | - | - | - |
| **Total:** | **1,200** | **159,800** | **6,000** |
| **Medicin ;-** | | | |
| Dr.Fahim Hassan Reza | 1,053 | - | - |
| AristoPharma Ltd. | 5,000 | - | - |
| Dr. Abdullah all Hassan | 1,883 | - | - |
| Dr.zannatul Maowa | - | 1,469 | - |
| Mrs.Kohinoor | - | 1,900 | - |
| ACI Limited. | - | 31,823 | - |
| Prof,Dr. Mahmud A. Chy.( Arzu) | - | 506 | - |
| Dr.Sabrina Akther Onia. | - | 1,680 | - |
| Mohammed Harun Yousuf | - | 8,994 | - |
| Square Pharmacuticals Ltd. | - | - | 240 |
| Md.Abul Monsur | - | - | 808 |
| **Total :** | **7,936** | **46,372** | **1,048** |
| **Cash:** | | | |
| Mrs.Saleha Jahangir (For C.T.Scan Machine) | 1,000 | 1,000 | 1,000 |
| K S R M Steel Plant Ltd. | 225,000 | - | - |
| Aide Medical ET Development. | - | - | 946,056 |
| C M P Donation. | 30,000 | - | 30,000 |
| **Total:** | **256,000** | **1,000** | **977,056** |
| **Donation of The Month:** | **265,136** | **207,172** | **984,104** |
| **Engr.L.K.Siddiqi Memorial.P. P. B. Fund.** | | | |
| Chattagram Maa,Shishu-O-General Hospital. | 259,095 | 228,471 | 277,169 |
| Received From M.R Card. | 10,500 | 63,300 | 31,000 |
| S.A Chowdhury Trust Fund | 20,000 | - | - |
| Federal Insurance Co.Ltd | - | 8,437 | - |
| Dr.Pronob Ashish datta | - | - | 500 |
| Prof,Dr. Mahmud A. Chy.( Arzu) | - | - | 500 |
| **Total:** | **289,595** | **300,208** | **309,169** |
| **Zakat Received:** | **3,905,900** | **1,949,000** | **449,502** |

Chattagram Maa-O-Shishu Hospital Bulletin ● July-September 2015

**BOOK POST / PRINTED MATTERS**


To,

Postage

If undelivered please return to:
**Chattagram Maa-O-Shishu Hospital**
Agrabad, Chittagong, Bangladesh.
Phone : 880-31-718521 / 718525/711236/2520063, Fax : 880-31-2525409
E-mail : cmoshctg@gmail.com **Web side : www.cmoshbd.org**

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ডিসিএইচ কোর্সের অরিয়েনটেশন প্রোগ্রামে প্রধান অতিথি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপচার্য প্রফেসর ডঃ ইফতেখার উদ্দীন চৌধুরী

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ১৮তম ব্যাচের ডিসিএইচ কোর্সের অরিয়েনটেশন প্রোগ্রাম গত ০১/০৭/২০১৫ইং তারিখ কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপচার্য প্রফেসর ডঃ ইফতেখার উদ্দীন চৌধুরী। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাবেক সভাপতি অধ্যাপক বেনু কুমার দে, কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, চমাশিহা মেডিকেল কলেজ গভর্নিং বডির ভাইস চেয়ারম্যান জনাব মোঃ রেজাউল করিম আজাদ, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক প্রফেসর ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু ও পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, ট্রেজারার ডাঃ মোঃ আরিফুল আমীন, কার্যনির্বাহী কমিটির সদস্য মিসেস রেখা আলম চৌধুরী, অধ্যক্ষ লায়ন মোঃ সানাউল্লাহ, ডাঃ মোঃ শাহাদাত হোসেন, আলহাজ্ব জাহিদুল হাসান, জনাব খায়েজ আহমেদ ভুঁইয়া প্রমূখ। প্রধান অতিথি প্রফেসর ডঃ ইফতেখার উদ্দীন চৌধুরী বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল চট্টগ্রামবাসীদের জন্য একটি গর্বের প্রতিষ্ঠান। চিকিৎসা সেবা ও চিকিৎসা শিক্ষায় এ প্রতিষ্ঠান সরকারের পাশাপাশি বেসরকারী পর্যায়ে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। নতুন হাসপাতাল ভবন নির্মাণ হলে এটি বাংলাদেশের অন্যতম একটি সেরা হাসপাতাল হিসাবে পরিণত হবে। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উন্নয়নে সর্বাত্বক সহযোগীতার আশ্বাষ প্রদান করেন। মাননীয় প্রধান অতিথিকে হাসপাতাল, মেডিকেল কলেজ ও ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পক্ষ থেকে ক্রেষ্ট দিয়ে সম্মান জানানো হয়। অনুষ্ঠানে হাসপাতাল ও মেডিকেল কলেজের শিক্ষক/শিক্ষিকা ও কর্মকর্তা/ কর্মচারীগণ উপস্থিত ছিলেন। এর আগে মাননীয় উপচার্য মহোদয় হাসপাতালের বিভিন্ন বিভাগ সমূহ পরিদর্শন করেন এবং চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ গভর্নিং বডির সভায় অংশগ্রহণ করেন। উল্লেখ্য যে, মাননীয় উপচার্য মহোদয় চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ গভর্নিং বডির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন।




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ডিসিএইচ কোর্সের অরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথির বক্তব্য রাখছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় মাননীয় উপচার্য ও চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ গভর্নিং বডির চেয়ারম্যান প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী*

**EDITORIAL BOARD :**

• Chairman Editorial Board : **Dr. Anjuman Ara Islam** • Chief Editor : **S. M. Morshed Hossain**
• Executive Editor : **Nur Mohammed** • Editor : **Md. Rezaul Karim Azad**
• Printed by : **Pack & Robi Printers.** Mobile : 01718 371001